গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
সামুদ্রিক শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১০৯.১১.০০৮২.২১.১২০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

**বিষয়: শিমুজু স্পেশালাইজড ফিশিং প্রাঃ লিঃ কর্তৃক জাল আমদানির বিষয়ে অনাপত্তির সনদপত্র (NOC) প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম-এর পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৫০.০৯৬.১৪-৩২২; তারিখ: ১২/০৪/২০২৬ খ্রি.।
২। শিমুজু স্পেশালাইজড ফিশিং প্রাঃ লিঃ এর ২৯/০৩/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিমুজু স্পেশালাইজড ফিশিং প্রাঃ লিঃ এর এফ.ভি. মৈত্রী-এস ও এফ.ভি. মৈত্রী-টি চিংড়ি ট্রলার ০২টির জন্য উক্ত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রোফরমা ইনভয়েজ মতে নিম্নের বর্ণনা অনুযায়ী মৎস্য আহরণের নিমিত্ত আমদানিতব্য জাল চলতি আমদানি নীতির পরিপন্থি না হওয়ায় এবং 'সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা ও আহরণ সংক্রান্ত কারিগরি নির্দেশমালা, ২০২৩' এর অনুচ্ছেদ নং ৭(২) এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ায় RONGCHENG FLON CO., LTD., Xihuatangzhai, Chishan, Rongcheng City, Shandong Province, China হতে প্রোফরমা ইনভয়েজ নং: BANCHN2601-total; Date: MARCH 29, 2026 মূলে ৪,০০০ কেজি জাল যার মূল্যমান USD 11800.00 (এগারো হাজার আটশত ইউ এস ডলার) আমদানি করার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

**প্রোফরমা ইনভয়েজ নং: BANCHN2601-total; Date: MARCH 29, 2026.**

| Item | Description | Quantity (Kg's) | Unit Price (USD) | Total price (USD) |
|---|---|---|---|---|
| | KNOTLESS NET (PE 50%+NYLON 50%, 1.8MM) Full Mesh<br>55mm x 100MD x 1000ML | 4000 kg | 2.95/kg | USD 11800.00 |
| | Total = | 4000 kg | - | USD 11800.00 |

**শর্তাবলীঃ**

১। সরকারের প্রচলিত আমদানির বিধি-বিধান মোতাবেক শুল্ক বিভাগ কর্তৃক আরোপিত শুল্ক পরিশোধের প্রমাণক মৎস্য অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে;
২। আমদানিকৃত জাল মৎস্য অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে গুদামজাত করতে হবে;
৩। আমদানিকৃত জাল মৎস্য আহরণে কোথায় কি পরিমাণ সরবরাহ করা হয়েছে তার প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;
৪। আমদানিকৃত জাল অবশ্যই আবেদনে উল্লিখিত ট্রলারে মৎস্য আহরণের কাজে ব্যবহার করতে হবে;
৫। আমদানির নিমিত্ত এ NOC টি ০৫ (পাঁচ) মাস বলবৎ থাকবে;
৬। জাল আমদানির পর উক্ত ট্রলারটির অনুকূলে আগামী ০২ (দুই) বছরের মধ্যে আর কোন জাল আমদানি করা যাবে না;
৭। জালসমূহ আমদানির ক্ষেত্রে চলতি সালের আমদানির আদেশ এবং প্রচলিত সরকারী নিয়মনীতি অনুসরণ করতে হবে;
৮। ইনভয়েজে উল্লিখিত জাল আমদানি করার পর অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।
৯। জাল আমদানি সংক্রান্ত কোন ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে;

১০। কর্তৃপক্ষ প্রয়োজনে আমদানিকৃত পণ্যের যে কোন ধরনের পরীক্ষা করতে পারবেন।

১১। ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোন তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করা হবে;

১২। উপর্যুক্ত শর্তাবলী পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান অনুসরণ করা না হলে NOC বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯-০৪-২০২৬
ড. মুহাম্মদ তানভীর হোসেন চৌধুরী
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
শিমুজু স্পেশালাইজড ফিশিং (প্রাঃ) লিঃ ৭৭৪/এ, ফিশারি ঘাট, ইকবাল রোড, পাথরঘাটা, কোতয়ালী।

**স্মারক নম্বর:** ৩৩.০২.০০০০.০০০.১০৯.১১.০০৮২.২১.১২০/১ (৩) তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩ / ২৯ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মূখ্য নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, এন,এ,সি টাওয়ার (১৪ ও ১৫ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০। ইনভয়েজভূক্ত চায়না হতে চার হাজার কেজি জাল আমদানির জন্য উক্ত প্রতিষ্ঠানকে সুপারিশ/অনাপত্তি সনদপত্র প্রদান করতে মৎস্য অধিদপ্তরের কোন আপত্তি নেই।

২। পরিচালক (সামুদ্রিক) (চলতি দায়িত্ব ), পরিচালক এর দপ্তর, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম, মৎস্য অধিদপ্তর। ইহা আপনার দপ্তরের পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৫০.০৯৬.১৪-৩২২; তারিখ: ১২/০৪/২০২৬ খ্রি. তারিখের সাথে যোগসূত্র রয়েছে। আমদানিতব্য জাল কোম্পানীর নিজস্ব ট্রলারে যথাযথভাবে ব্যবহার করা হয়েছে কিনা, তাহা আপনার দপ্তরের পরিদর্শকমন্ডলী দ্বারা সরেজমিনে পরিদর্শন করতঃ পরিদর্শন প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। প্রোগ্রামার, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৯-০৪-২০২৬
ড. মুহাম্মদ তানভীর হোসেন চৌধুরী
উপপরিচালক